

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০২৯.২০২২.১৫৫


তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব অজন্তা ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা (সাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম) ব্যক্তিগত ফেসবুক আইডিতে বিভিন্ন তারিখ ও সময়ে উসকানিমূলক রাজনৈতিক মতামত ব্যক্ত করেছেন এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ১৫/০৯/২০২২ তারিখে আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হলেও এর কোনো জবাব দাখিল করেননি;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) এ বর্ণিত সংজ্ঞা অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত। যাহা উক্ত বিধিমালার বিধি ৩(খ)) বিধি মোতাবেক “অসদাচরণ” হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব অজন্তা ইসলাম

পিতা: নুরুল ইসলাম

বাসা: গ্রামীন সিটি হাট, ফ্লাট নং-৬/ডি, দক্ষিণ কল্যাণপুর, ইষ্টার্ন হাউজিং প্রজেক্ট-২

দারুস সালাম বড় সায়েক

থানা: মিরপুর-১২১৬, জেলা: ঢাকা।

বর্তমান কর্মস্থল:

জনাব অজন্তা ইসলাম

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব অজন্তা ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা (সাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম) ব্যক্তিগত ফেসবুক আইডিতে বিভিন্ন তারিখ ও সময়ে উসকানিমূলক রাজনৈতিক মতামত ব্যক্ত করেছেন এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ১৫/০৯/২০২২ তারিখে তার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হলেও এর কোনো জবাব দাখিল করেননি;

জনাব অজন্তা ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা (সাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম)-এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমান খান)
সচিব